

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৯৩৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

আরবী

وَعَنْ معاويةَ بنِ جَاهِمَةَ أَنَّ جَاهِمَةَ جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ أَرَدْتُ أَنْ أَعْزُوَ وَقَدْ جِئْتُ أَسْتَشِيرُكَ. فَقَالَ: «هَلْ لَكَ مِنْ أُمٍّ؟» قَالَ: نَعَمْ. قَالَ: «فَالْزَمْهَا فَإِنَّ الْجَنَّةَ عِنْدَ رَجُلِهَا». رَوَاهُ أَحْمَدُ وَالنَّسَائِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ»

বাংলা

৪৯৩৯-[২৯] মু'আবিয়াহ্ ইবনু জাহিমাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তাঁর পিতা জাহিমাহ্ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে জিজ্ঞেস করলেনঃ হে আল্লাহর রসূল! আমি জিহাদে অংশগ্রহণের ইচ্ছা করি, এজন্য আপনার সাথে পরামর্শ করতে এসেছি। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জিজ্ঞেস করলেনঃ তোমার মা জীবিত আছেন কী? তিনি বললেনঃ জ্বী হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ মায়ের সেবাকেই অবলম্বন করো। কেননা জান্নাত তাঁর পায়ের কাছে। (আহমাদ, নাসায়ী ও বায়হাকী শু'আবুল ইমানে বর্ণনা করেছেন।)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আহমাদ ১৫৫৩৮, নাসায়ী ৩১০৪, ইবনু মাজাহ ২৭৮১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৪৮৫, ইরওয়া ৫/২১, সুনানুন নাসায়ী আল কুবরা ৪৩১২, আল মুসতাদরাক ৭২৪৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু জাহিমাহ্ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=75663>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন